

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আশ্বিন ১৪২১ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং গংম/পরি-৩/রাজউক-০৯/২০১০ (অংশ-২)/১৯৯—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৮.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৮.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

(১৮৯৭১)
মূল্য : টাকা ৮.০০

পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৪ জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত ৪ৰ্থ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা জেলার ক্যান্টনমেন্ট থানার কাফুরুল মৌজার আরএস দাগ নং ৫৩৮ ও ৫৪৪ এ অবস্থিত প্লটের ড্যাপে চিহ্নিত Waterbody এর আয়তন ৯.৮ কাঠা হওয়ায় উক্ত প্লটের ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার Waterbody হতে Urban Residential Zone এ পরিবর্তনের অনুমোদন এতদ্বারা প্রকাশ করা হলো। এক্ষেত্রে ঢাকা ওয়াসার ডিজাইন মোতাবেক প্লট সংলগ্ন এলাকার ড্যাপে চিহ্নিত খালের width ও continuity বজায় রাখার শর্ত প্রযোজ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ গোলাম মোছাদেক
সিনিয়র সহকারী প্রধান।

বিশেষ দ্রষ্টব্য : ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd